

# মাননীয় সচিব মহোদয়ের বাণী-

একটি প্রত্যন্ত গ্রামের মানুষের দারিদ্র-বিমোচন ও অর্থনৈতিক অবস্থাকে মজবুত করার উদ্দেশ্যকে সামনে রেখে আজ থেকে ৫০ বছর পূর্বে প্রতিষ্ঠিত হয়েছিল মঠবাড়ী খ্রীষ্টান সমবায় ঋণদান সমিতি। যার বর্তমান নাম মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এবং বর্তমানে গাজীপুর জেলাস্থ কালীগঞ্জ উপজেলার মঠবাড়ী ধর্মপল্লীতে এর অবস্থান। এই প্রতিষ্ঠানটির সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহনের পাশাপাশি একটি তথ্যনির্ভর বিশেষ "স্মরণিকা" প্রকাশ হতে যাচেছ জেনে আমি অনেক খুশি হয়েছি। সুবর্ণ জয়ন্তীর এ শুভলগ্নে সমিতির সকল সদস্য/সদস্যা ও শুভাকাঙ্গিদের জানাচিছ সমবায়ী প্রীতি ও শুভেচছা।

পৃথিবীতে যা কিছু বৃহৎ তার অধিকাংশের উৎপত্তি কিন্তু অতিক্ষুদ্র। মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটে আজ থেকে ৫০ বছর পূর্বে সদস্য/সদস্যাদের নিকট হতে শুধুমাত্র ৫০ পয়সা মাসিক সঞ্চয়ী জমা গ্রহণ করে শুরু করে এর যাত্রাপথ। সে প্রতিষ্ঠানের চলতি মূলধন আজ ৪০ কোটি টাকা এবং বর্তমান সদস্য/সদস্যা ২০৬৬। শুধু মাত্র পারস্পরিক বিশ্বাস, নিষ্ঠা, সততা, স্বচছতা ও জবাবদিহিতার উপর ভিত্তি করে কোন প্রকার বাইরের আর্থিক সহায়তা ছাড়া নিজেদের আয়ের সামান্ন অংশ সঞ্চয় করে কিভাবে একটি এলাকার আর্থসামাজিক উন্নয়নের সাথে সাথে দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখা যায়, তারই বলিষ্ঠ প্রমান এ সমবায়।

যাদের ঐকান্তিক আগ্রহ ও নিরলস প্রচেষ্ঠায় এ ক্রেডিট ইউনিয়ন পরিচালিত হয়েছে এবং এখনো হচেছ তাদের প্রতি রইল আমার আন্তরিক অভিন্দন। আমি দৃঢ় ভাবে বিশ্বাস করি এ প্রতিষ্ঠানের সমবায়ীগণ তাদের নানামূখী উন্নয়নমূলক দূরদর্শী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে দেশের সমবায় আন্দোলনকে আরও গতিশীল ও বেগবান করার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করবে। আমি মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটে এর সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচির সফলতা এবং এ প্রতিষ্ঠানের সম্মৃদ্ধি ও সার্বিক মঙ্গল কামনা করছি।

**ড. মিহির কান্তি মজুমদার**
সচিব
স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।